

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা  
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০-৩০৪

তারিখ ১৯/০৪/২০২০খ্রি.


বিষয়: ঢাকাস্থ মুগদা জেনারেল হাসপাতালসহ কয়েকটি সরকারি হাসপাতালে N-95 ব্রান্ডের মোড়কে সাধারণ ও নিম্নমানের মাস্ক সরবরাহের অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি গঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সম্প্রতি ঢাকাস্থ মুগদা জেনারেল হাসপাতালসহ কয়েকটি সরকারি হাসপাতালে N-95 ব্রান্ডের মোড়কে সাধারণ ও নিম্নমানের মাস্ক সরবরাহের অভিযোগ পাওয়া যায়। এ পরিস্থিতিতে মাস্ক সরবরাহকারী প্রতিষ্ঠান-কে সিএমএসডি ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দিলে প্রতিষ্ঠানটি একটি ব্যাখ্যা প্রদান করে। আলোচ্য অভিযোগ এবং ব্যাখ্যার পরিপ্রেক্ষিতে বিষয়টির যথাযথ অবস্থা অনুসন্ধান করে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে নিম্নরূপ তদন্ত কমিটি নির্দেশক্রমে গঠন করা হলোঃ

- (১) জনাব মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ
- (২) ডাঃ মোঃ আমিনুর রহমান, উপপরিচালক, হাসপাতাল-১ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর
- (৩) জনাব হাসান মাহমুদ, উপসচিব (ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য সেবা বিভাগ

কমিটির কার্যপরিধিঃ

- (১) কমিটি বর্ণিত অভিযোগের আলোকে মাস্ক এর চাহিদা, স্পেসিফিকেশন, সংগৃহীত পরিমাণ, সরবরাহকৃত নিম্নমানের মাস্কের পরিমাণ, সিএমএসডি-তে নিম্নমানের মজুদ মাস্ক (যদি থাকে) ইত্যাদি বিষয়ে প্রকৃত তথ্য উদঘাটনপূর্বক সুস্পষ্ট মতামত দিবেন;
- (২) কোনো অনিয়ম হয়ে থাকলে দায়-দায়িত্ব নির্ধারণ করবেন;
- (৩) আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

  
(মোঃ আবু রায়হান মিয়া)  
উপসচিব  
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) জনাব মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ।
- (২) ডাঃ মোঃ আমিনুর রহমান, উপপরিচালক, হাসপাতাল-১ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- (৩) জনাব হাসান মাহমুদ, উপসচিব (ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য সেবা বিভাগ।

অনুলিপিঃ

- (১) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
- (২) পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)।
- (৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- (৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- (৫) অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।